রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ১৬, ২০২২**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

**ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড**
**প্রধান কার্যালয়**
**রাঙ্গামাটি পার্বত্য জেলা।**

**“বিজ্ঞপ্তি”**

তারিখ : ২৭ মাঘ ১৪২৮/১০ ফেব্রুয়ারি ২০২২

নং **ওয়েলফেয়ার/প্রশা:/তথ্য/বিজ্ঞপ্তি-২০২২.০২.০২-০২০**—সকলের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (Welfare Technologies Services Limited) এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান (Development Partners) এর মধ্যে সম্পাদিত “ব্যবসা-বাণিজ্য পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সমঝোতা” এর আইনগত স্বীকৃতির জন্য জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলায় বিগত ২৯-১১-২০২১ইং তারিখে উভয় পক্ষের উপস্থিতিতে এবং নির্বাহী ম্যাজিস্ট্রেট ও নিবন্ধন কর্মকর্তার সম্মুখে রেজিস্টার্ড বন্ড নং-৮২৭/২১-২২ মূলে সম্পাদন করা হয়েছে। এ ধারাবাহিকতায় যৌথসভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় বিজ্ঞপ্তি প্রকাশ করার বিষয়ে অনুমোদন করা হয়েছে। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড “ব্যবসা-বাণিজ্য পরিচালনা ও প্রাতিষ্ঠানিক সমঝোতা” এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং নিম্নরূপ অনুমোদিত সিদ্ধান্ত ও বিভিন্ন প্রকার কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন, যথা:—

১। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এর আর্থিক ও কারিগরি সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত বিভিন্ন প্রকার সরকারি ও বেসরকারি, দেশি ও বিদেশি বিভিন্ন উৎস, ব্যক্তি, বিভিন্ন প্রতিষ্ঠানসমূহ হতে দান-অনুদান গ্রহণ অথবা ঋণ গ্রহণ অথবা বিভিন্ন প্রকার বিনিয়োগ গ্রহণ এবং বিভিন্ন প্রকার সদস্যদের থেকে এককালীন অফেরতযোগ্য ভর্তি ফিস বা বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন ফিস বা অ্যাপ রেজিস্ট্রেশন ফিস গ্রহণ করে “সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস” ও “সোস্যাল বিজনেস” এবং “আইসিটি বিজনেস” ও “ফিনটেক বিজনেস” এর আওতাভুক্ত বিভিন্ন প্রকার সামাজিক ও অর্থনৈতিক স্থায়ী/অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন;



**মূল্য :** টাকা ৮.০০

২। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড বাংলাদেশের সকল বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন, উপজেলা, পৌরসভা ও ইউনিয়নসহ এবং পার্বত্য চট্টগ্রাম তথা রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলার সকল উপজেলা ও ইউনিয়নে বর্তমান এবং ভবিষ্যৎ কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ করতে পারবেন;

৩। ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এর সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত My Welfare App, Website ও Software এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Mobile Apps ব্যবহার করে অথবা অন্য যেকোনো উপায় ও পদ্ধতিতে বাংলাদেশের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী এবং নিবেদিত সমাজকর্মী ও উৎসাহী ব্যক্তিবর্গ এককালীন অফেরতযোগ্য ভর্তি ফিস বা বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন ফিস বা অ্যাপ রেজিস্ট্রেশন ফিস প্রদান করে বিভিন্ন প্রকার উদ্যোক্তা (এন্টারপ্রেনার) সদস্য, প্রকল্পভিত্তিক সদস্য, বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন সদস্য হিসেবে সামাজিক ও অর্থনৈতিক "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোস্যাল বিজনেস" এবং "আইসিটি বিজনেস" ও "ফিনটেক বিজনেস" পরিচালনা করে কর্মসংস্থান সৃষ্টি ও বিভিন্ন প্রকার আয় করতে পারবেন;

৪। বাংলাদেশের অনগ্রসর, দরিদ্র, পিছিয়েপড়া ও সমস্যাগ্রস্ত জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও জীবনমান উন্নয়নে সমাজের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে সংগঠিত করে সামাজিক ও অর্থনৈতিক "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোস্যাল বিজনেস" এবং "আইসিটি বিজনেস" ও "ফিনটেক বিজনেস" এর আওতাভুক্ত বিভিন্ন প্রকার সামাজিক ও অর্থনৈতিক স্থায়ী/অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করবেন এবং মেয়াদকাল সর্বোচ্চ ১৫ (পনের) বছর নির্ধারণ করতে পারবেন;

৫। ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেড (Fintech ICT Registration and Subscription Services Limited) এর আওতায় ব্যবসা-বাণিজ্য ও বাণিজ্যিক প্রতিষ্ঠান গঠন, সামাজিক ও অর্থনৈতিক কার্যক্রম, প্রকল্প বা কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করার জন্য এককালীন অফেরতযোগ্য ভর্তি ফিস বা বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন ফিস বা অ্যাপ রেজিস্ট্রেশন ফিস গ্রহণ করে বিভিন্ন প্রকার উদ্যোক্তা (এন্টারপ্রেনার) সদস্য, প্রকল্পভিত্তিক সদস্য এবং বিভিন্ন প্রকার রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন সদস্য হিসেবে সম্পৃক্ত করে সামাজিক ও অর্থনৈতিক "সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস" ও "সোস্যাল বিজনেস" এবং "আইসিটি বিজনেস" ও "ফিনটেক বিজনেস" পরিচালনা করতে পারবেন;

৬। সামাজিক ও অর্থনৈতিক কার্যক্রমে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর মৌলিক প্রয়োজন মেটানোর জন্য খাদ্য, বস্ত্র, শিক্ষা, চিকিৎসা ও বাসস্থান সুবিধা সহায়ক বিভিন্ন প্রকার সামাজিক ও অর্থনৈতিক স্থায়ী/অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করার জন্য রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন-(১) সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস (Social Welfare Services) এর আওতাভুক্ত, (২) সোস্যাল বিজনেস (Social Business) এর আওতাভুক্ত, (৩) আইসিটি বিজনেস (ICT Business) এর আওতাভুক্ত এবং (৪) ফিনটেক বিজনেস (Fintech Business) এর আওতাভুক্ত চার্টে উল্লেখিত রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশনসমূহ এবং এছাড়াও অন্যান্য স্থায়ী/অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন। যথা:—

**(৬.১) সোস্যাল ওয়েলফেয়ার সার্ভিসেস (Social Welfare Services) এর আওতাভুক্ত :**

| ক্রঃম | প্রকল্প/কর্মসূচির নাম | প্রজেক্ট কোড | ফিনান্সিয়াল কোড | ডিস্ট্রিবিউশন কোড | রেফারেন্স কোড |
|---|---|---|---|---|---|
| ১। | এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম | ESP | ২০০০ | ১২০০ | ৮০০ |
| ২। | হেলথ সার্ভিসেস প্রোগ্রাম | HSP | ২৫০০ | ১৫০০ | ১০০০ |

| ক্রঃম | প্রকল্প/কর্মসূচির নাম | প্রজেক্ট কোড | ফিনান্সিয়াল কোড | ডিস্ট্রিবিউশন কোড | রেফারেন্স কোড |
|---|---|---|---|---|---|
| ৩। | ভলান্টিয়ার সার্ভিসেস প্রোগ্রাম | VSP | ১৫০০ | ৯০০ | ৬০০ |
| ৪। | স্যানিটারী ল্যাট্রিন প্রোগ্রাম | SLP | ৩০০০ | ১৮০০ | ১২০০ |
| ৫। | ডিপ টিউবওয়েল প্রোগ্রাম | DTP | ৭৫০০ | ৪৫০০ | ৩০০০ |
| ৬। | সোলার সিস্টেম প্রোগ্রাম | SSP | ৫৫০০ | ৩৩০০ | ২২০০ |

(৬.২) **সোস্যাল বিজনেস (Social Business) এর আওতাভুক্ত :**

| ক্রঃম | প্রকল্প/কর্মসূচির নাম | প্রজেক্ট কোড | ফিনান্সিয়াল কোড | ডিস্ট্রিবিউশন কোড | রেফারেন্স কোড |
|---|---|---|---|---|---|
| ১। | ট্যুরিজম বিজনেস প্রজেক্ট | TBP | ১২৫০০ | ৭৫০০ | ৫০০০ |
| ২। | এগ্রো বিজনেস প্রজেক্ট | ABP | ১১৫০০ | ৬৯০০ | ৪৬০০ |
| ৩। | মার্চেন্ট বিজনেস প্রজেক্ট | MBP | ৯৫০০ | ৫৭০০ | ৩৮০০ |
| ৪। | প্রপার্টিজ বিজনেস প্রজেক্ট | PBP | ১০৫০০ | ৬৩০০ | ৪২০০ |
| ৫। | গ্লোবাল বিগ বাজার বিজনেস প্রজেক্ট | GBBP | ৮৫০০ | ৫১০০ | ৩৪০০ |
| ৬। | কমিউনিটি বিজনেস প্রজেক্ট | CBP | ৭৫০০ | ৪৫০০ | ৩০০০ |

(৬.৩) **আইসিটি বিজনেস (ICT Business) এর আওতাভুক্ত :**

| ক্রঃম | প্রকল্প/কর্মসূচির নাম | প্রজেক্ট কোড | ফিনান্সিয়াল কোড | ডিস্ট্রিবিউশন কোড | রেফারেন্স কোড |
|---|---|---|---|---|---|
| ১। | ফ্রিল্যান্সিং বিজনেস | FB | ৩৫০০ | ২১০০ | ১৪০০ |
| ২। | অ্যাফিলিয়েট মার্কেটিং বিজনেস | AMB | ৫৫০০ | ৩৩০০ | ২২০০ |
| ৩। | সফটওয়্যার সলিউশন বিজনেস | SSB | ৭৫০০ | ৪৫০০ | ৩০০০ |

(৬.৪) **ফিনটেক বিজনেস (Fintech Business) এর আওতাভুক্ত :**

| ক্রঃম | প্রকল্প/কর্মসূচির নাম | প্রজেক্ট কোড | ফিনান্সিয়াল কোড | ডিস্ট্রিবিউশন কোড | রেফারেন্স কোড |
|---|---|---|---|---|---|
| ১। | ইনোভেটিভ সার্ভিসেস কুইজ | ISQ | ২০০০ | ১২০০ | ৮০০ |
| ২। | কমিউনিটি ফেষ্টিভেল স্ক্র্যাচ কার্ড | CFSC | ২৫০০ | ১৫০০ | ১০০০ |
| ৩। | কমিউনিটি ডেভেলপমেন্ট কম্পেটিশন | CDC | ১৫০০ | ৯০০ | ৬০০ |

৭। **কমিউনিটি সোস্যাল সার্ভিসেস (সিএসএস) প্রোগ্রাম:** এর আওতায় কার্যক্রমসমূহ, যথা:—(১) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা প্রোগ্রাম; (২) স্বাস্থ্যসেবা প্রোগ্রাম; (৩) পরিবেশ উন্নয়ন প্রোগ্রাম; (৪) জাতীয় পর্যায়ের ডিসকাউন্ট সহায়তা প্রোগ্রাম; (৫) জাতীয় পর্যায়ের মানবিক সহায়তা প্রোগ্রাম; (৬) আর্থিক সহায়তা প্রোগ্রাম; এবং (৭) দৃষ্টিনন্দন নগরায়ন প্রোগ্রাম; উল্লিখিত কার্যক্রমসমূহের আওতায় নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করতে পারবেন, যথা:—

(৭.১) **শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা প্রোগ্রাম এর আওতাভুক্ত, যথা**—(১) শিক্ষক সহায়তা তহবিল; (২) শিক্ষাবৃত্তি বিতরণ; (৩) শিক্ষা সহায়ক উপকরণ বিতরণ; (৪) ল্যাপটপ বিতরণ; (৫) প্রশিক্ষণ প্রদান ও সনদপত্র বিতরণ; (৬) গবেষণা কাজে আর্থিক অনুদান বিতরণ; এবং (৭) গবেষণাভিত্তিক সংলাপ আয়োজন;

(৭.২) **স্বাস্থ্যসেবা প্রোগ্রাম এর আওতাভুক্ত, যথা**—(১) প্রাথমিক চিকিৎসাসেবা প্রদান; (২) স্বল্পমূল্যে প্যাথলজি পরীক্ষা; (৩) নিরাপদ মাতৃত্ব (ডেলিভারী) সেবা প্রদান; (৪) স্কুল ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান; (৫) স্যাটেলাইট ক্যাম্প পরিচালনা; (৬) ফ্রি মেডিকেল ক্যাম্প পরিচালনা; (৭) চক্ষু, নাক, কান, গলা রোগের বিশেষজ্ঞ দ্বারা মেডিক্যাল ক্যাম্প পরিচালনা; (৮) স্বল্পমূল্যে আল্ট্রাসনোগ্রাফ ও ইসিজি করা; (৯) বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা চিকিৎসা ক্যাম্পের মাধ্যমে সেবা প্রদান; (১০) দরিদ্র রোগীদের ফ্রি চিকিৎসাপত্র ও মেডিসিন বিতরণ; (১১) ব্লাড ডোনার ইনফরমেশন ক্লাব গঠন; (১২) হতদরিদ্র রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান; এবং (১৩) এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান; **ভ্যাক্সিন বিতরণ:** (১৪) জরায়ু ক্যানসারের ভ্যাক্সিন বিতরণ; (১৫) হেপাটাইটিস বি-ভাইরাস ভ্যাক্সিন বিতরণ; **টিকাদান:** (১৬) সারভারিক্স (জরায়ু ক্যানসারের টিকা); (১৭) হেপাটাইটিস বি (লিভার সিরোসিসের টিকা); এবং (১৮) টি টি (ধনুস্টংকারের টিকা);

(৭.৩) **পরিবেশ উন্নয়ন প্রোগ্রাম এর আওতাভুক্ত, যথা**—(১) সোলার প্যানেল সরবরাহ; এবং (২) সামাজিক বনায়ন ও বৃক্ষরোপণ কার্যক্রম; ও বিবিধ কার্যক্রম।

(৭.৪) **জাতীয় পর্যায়ের ডিসকাউন্ট সহায়তা প্রোগ্রাম এর আওতাভুক্ত, যথা**—(১) ডায়গনস্টিক সেন্টার হতে ডিসকাউন্ট সুবিধা; (২) নিত্য প্রয়োজনীয় পণ্যে ডিসকাউন্ট সুবিধা;

(৭.৫) **জাতীয় পর্যায়ের মানবিক সহায়তা প্রোগ্রাম এর আওতাভুক্ত, যথা**—(১) শীতবস্ত্র বিতরণ; (২) অগ্নিদুর্গতদের সহায়তা; (৩) হুইল চেয়ার প্রদান; (৪) সদস্যদের মরণোত্তর ভাতা প্রদান; এবং (৫) আর্থিক ও কারিগরি সহযোগিতা প্রদান;

(৭.৬) **আর্থিক সহায়তা প্রোগ্রাম: (দরিদ্র, বেকার, পুজিহীন, উদ্যমী ও সুবিধাবঞ্চিতদের জন্য) এর আওতাভুক্ত, যথা**—(১) হতদরিদ্র বিদেশ যাত্রায় সহায়তা প্রদান; (২) ভ্যানগাড়ি প্রদান; (৩) সিএনজি চালিত ট্যাক্সিক্রয়ে সহায়তা; (৪) সেলাই মেশিন প্রদান; (৫) অটো রিক্সা ক্রয়ে সহায়তা; (৬) কলের লাঙ্গল ক্রয়ে সহায়তা; (৭) হাঁস-মুরগি পালনে সহায়তা (৮) ছাগল পালনে সহায়তা; (৯) ধান মাড়াই মেশিন প্রদান; (১০) নৌকা ও জালক্রয়ে সহায়তা; (১১) সেচ পাম্প প্রদান; (১২) সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন; (১৩) কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন; (১৪) বিবাহ সহায়তা; এবং (১৫) দরিদ্রদের গৃহ নির্মাণে সহায়তা;

(৭.৭) **দৃষ্টিনন্দন নগরায়ন প্রোগ্রাম এর আওতাভুক্ত, যথা**—(১) দৃষ্টিনন্দন যাত্রীছাউনী স্থাপন; (২) পরিকল্পিত নগরায়ন; (৩) ডায়াগনস্টিক, ফার্মেসী ও কনসালটেশন সেন্টার; (৪) রেসিডেন্সিয়াল হোটেল ও রেস্টুরেন্ট; (৫) বিভিন্ন অঞ্চল ও প্রকৃতি নিয়ে "ইকোট্যুরিজম, "অ্যাগ্রো ট্যুরিজম" এবং "ফিসিং কটেজ" গড়ে তোলা; (৬) লেকের তীরে "রিভার ট্যুরিজম" এবং "ওয়াটার ভিলেজ" গড়ে তোলা; ও (৭) শহরের গুরুত্বপূর্ণ ও দর্শনীয় স্থানে বিশেষ ফাইবার এবং পাথর দিয়ে শোভাবর্ধন নির্মাণ করা; এছাড়াও অন্যান্য স্থায়ী/অস্থায়ী প্রকল্প (Project) বা কর্মসূচি (Programs) গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে পারবেন।

এমতাবস্থায় টেকসই আধুনিক দেশ গড়ে তোলার মাধ্যমে দেশের বেকারত্ব হ্রাস ও দারিদ্র্য বিমোচনে সহায়তা করা এবং দেশের অর্থনৈতিক ভিত মজবুত করার মাধ্যমে অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড অনুমোদিত সিদ্ধান্ত ও বিভিন্ন প্রকার কার্যক্রম গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করতে উপনীত হয়েছেন।

**নুর মোহাম্মদ সিদ্দিকী**
চেয়ারম্যান
ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd